

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
মাননীয় মন্ত্রীর দপ্তর



প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, মঙ্গলবার, ২৬ এপ্রিল ২০২২ খ্রি.

সড়কে শৃঙ্খলা রক্ষায় এবং সড়ক নিরাপত্তায় পরিবহন মালিক-শ্রমিকসহ সকল স্টেক হোল্ডারদের আন্তরিক সহযোগিতা কামনা এবং যাত্রীদের কাছ থেকে অতিরিক্ত ভাড়া আদায় থেকে বিরত থাকার জন্য পরিবহন মালিক ও শ্রমিকদের আবারো অনুরোধ করে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এমপি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে আসন্ন ঈদে ঘরমুখো মানুষের যাতায়াত নির্বিঘ্ন করতে প্রয়োজনীয় প্রস্তুতি নেয়া হয়েছে। দেশের সড়ক-মহাসড়কসমূহ অতীতের যেকোন সময়ের তুলনায় এখন অনেক ভালো। সড়কের জন্য কোথাও যাতে কোন জনদুর্ভোগ না হয় সেজন্য আমরা সতর্ক রয়েছি এবং মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে।

আজ সকালে সচিবালয়ে নিজ অফিসকক্ষে উপস্থিত সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি একথা বলেন।

মন্ত্রী আরও বলেন, মহানগরীর টার্মিনালসমূহে শৃঙ্খলা রক্ষায় এবং যাত্রীদের সুবিধার্থে বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার সমন্বয়ে গঠিত টাস্কফোর্স কার্যকর থাকবে এবং অতিরিক্ত ভাড়া নিয়ন্ত্রণে মোবাইল কোর্টের নজরদারী থাকবে।

ঈদের সময় অতিরিক্ত ভীড় এবং যাত্রীদের চাপ এড়াতে পোষাক কারখানাগুলো একদিনে ছুটি না দিয়ে ধাপে ধাপে ছুটি দেয়ার জন্য বিজিএমইএ এবং বিকেএমইএ নেতাদের প্রতিও মন্ত্রী আহ্বান জানান। পাশাপাশি মহানগরীর এক্সিট এবং এন্ট্রি পয়েন্টগুলোসহ গুরুত্বপূর্ণ যানজটপ্রবন মোড়ে যানবাহন চলাচল স্বাভাবিক রাখতে হাইওয়ে পুলিশ, জেলা পুলিশ, আনসার, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্টদের দায়িত্বশীল ভূমিকা পালনেরও আহ্বান জানান তিনি।

স্বাক্ষরিত/-

শেখ ওয়ালিদ ফয়েজ

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

মোবা: ০১৭১৩-৮২৩৭৩১